গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়,সিরাজগঞ্জ।

জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ এর ২০২৩-২০২৪ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | সামিউল ইসলাম ।<br>জেলা সমবায় কর্মকর্তা। |
| সভার তারিখ | ২০/০৯/২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | দুপুর ১২.০০ টা। |
| স্থান | জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ। |
| উপস্থিতি | উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক' তে। |

জনাব সামিউল ইসলা, জেলা সমবায় কর্মকর্তা, সিরাজগঞ্জ এর সভাপতিত্বে ২০২৩-২০২৪ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জে জিআরএস কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে অনুষ্ঠিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বাস্তবায়ন কমিটির সভার কাজ শুরু হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী মোতাবেক বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা কমিটির ফোকাল পয়েন্ট, মোঃ ফরিদুল ইসলাম,পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ কে নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনার পরিপ্রেক্ষিতে নিম্ন ছকে বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সূচক ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | [১.১] নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম,অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | অভিযোগ কমিটির সদস্য জানান, নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম,অফলাইন প্রাপ্ত অভিযোগ নিস্পত্তির নির্দেশনা রয়েছে এবং আলোচ্য মাসে এধরনের কোন অভিযোগ আসে নাই। ভবিষ্যতে এ বিষয়ে অভিযোগ পাওয়া গেলে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি করতে হবে মর্মে এ বিষয়ে আলোচনা করা হয়। | ১) নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি করতে হবে। | অভিযোগ প্রতিকার কমিটি |
| ২ | [১.১.১] যদি কোনো অফিসে জিআরএস সিস্টেমে,কোন অভিযোগ পাওয়া না গেলে উক্ত অফিস কর্তৃক স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন। | এ বিষয়ে সভাপতি জানান যে, যদি জিআরএস সিস্টেমে কোনো অভিযোগ পাওয়া না গেলে সেক্ষেত্রে স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজনের নির্দেশনা থাকায় ১ম অর্ধবার্ষিকীতে একটি সভা আয়োজন করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য অর্ধবার্ষিকীতে একটি স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন করার সিদ্ধন্ত গ্রহন করা হয়। | ১) ১ম অর্ধবার্ষিকীতে স্টেকহোল্ডারের সমন্বয়ে একটি সভা আয়োজন করত হবে। | অভিযোগ প্রতিকার কমিটি |

| ক্রঃ নং | সূচক ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৩ | [১.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধবতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ। | এ বিষয়ে ফোকাল পয়েন্ট জানান যে, মাসিক প্রতিবেদন যথা সময়ে প্রেরণ করা হচ্ছে। এ সংক্রান্ত রিটার্ণ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা রয়েছে। কিন্তু কর্ম পরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন ৩০ তারিখের মধ্যে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। ফলে সেপ্টেম্বর মাসে ৩০ তারিখের মধ্যে প্রাপ্ত অভিযোগ নিষ্পন্ন করে নিষ্পত্তি সংক্রান্ত তথ্য বাস্তবায়ন প্রতিবেদনে উল্লেখ পূর্বক তা প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জনাব মোঃ রবিউল করিম পরিদর্শক কে সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | ১) মাসিক প্রতিবেদন যথা সময়ে প্রেরণ করতে হবে।<br><br>২) জনাব মোঃ রবিউল করিম পরিদর্শক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | অভিযোগ প্রতিকার কমিটি |
| ৪. | [২.১] নিজ অফিস ও আওতাধীন অফিসের কর্মকর্তা/কর্মচারী ও স্টেক স্টেকহোল্ডারের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষন/কর্মশালা/সেমিনার/ স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন।<br><br>(১ম অর্ধবার্ষিকীতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকীতে একটি) | এ বিষয়ে ফোকাল পয়েন্ট জানান যে, জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে ১ম অর্ধবার্ষিকীতে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। উক্ত প্রশিক্ষণ খাতে বাজেট পাওয়া গেলে নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়। এ অর্ধবার্ষিকীর মধ্যে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সিদ্ধান্ত প্রদান করেন এবং এ সংক্রান্ত প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে বলে তিনি জানান। | ১) আগামী প্রান্তিকের মধ্যে এ সংক্রান্ত ১ম প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br><br>২) প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং তা নির্ধারিত তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | অভিযোগ প্রতিকার কমিটি |
| ৫. | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা।<br><br>(১ম অর্ধবার্ষিকীতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকীতে একটি ) | জনাব আ.ব.ম. আব্দুল হালিম জানান, আগামী ২৬/০৯/২০২৩ খ্রিঃ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হবে। এ ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করার জন্য বলা হয়। | ১) এ প্রান্তিকের মধ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ১ম সভা আয়োজন নিশ্চিত করতে হবে।<br>২)প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে তা ওয়েবসাইটে আপলোড করতে হবে। | অভিযোগ প্রতিকার কমিটি |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সামিউল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
সিরাজগঞ্জ।

নম্বর ৪৭.৬১.০০০০.২৪৩.৪০.০০১.২০.১৮৫৯ তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জনাব মোঃ ফরিদুল ইসলাম,পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ।

২) জনাব মোঃ রবিউল করিম,পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ।

৩) জনাব মোঃ আ.ব.ম. আব্দুল হালিম,পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ।

৪) মুহাম্মাদ জয়নুল আবেদীন,অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর,জেলা সমবায় অফিস,সিরাজগঞ্জ( পত্রটি যথাসময়ে জেলা সমবায় অফিস,সিরাজগঞ্জের ওয়েবপোর্টালে আপলোড করার জন্য বলা হলো।

২৭/৯/২৩

সামিউল ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা
সিরাজগঞ্জ।